উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

উপজেলা নির্বাহী অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

স্মারক নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০০২.০৭.২২.৪৪৬(২০০)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯
১৪ সেপ্টেম্বর ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর অধীন ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে জন্মসূত্রে বাংলাদেশী স্থায়ী নাগরিক ও রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (http://dcrajbari.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব<br>(গ্রেড ১৪)<br>(টাকা ১০২০০-২৪৬৮০) | ১৮-৩০ বৎসর | ০৪ (চার) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী | ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবেন |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পূরণ করতে হবে:

১. ০১ জুলাই ২০২২ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধা /শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত শূন্যপদ পূরণের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকরি বিধিমালা ২০১১ ও এতদসংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশ অনুসরণ করা হবে।

৪. চাকরির জন্য আবেদন আগামী ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০:০০টা হইতে ১৬ অক্টোবর ২০২২ তারিখ বিকাল ০৩:০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৫. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা প্রযোজ্য হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদি তালিকা নিম্নরূপ:

ক। শিক্ষাগত যোগ্যতার মূল /সাময়িক সনদপত্র;

খ। সংশ্লিষ্ট পৌরসভার মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

অনলাইন জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র;

ঘ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম ও আইডিযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ। কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র দাখিল করতে হবে;

চ। চাকরিরত প্রার্থীদের অনাপত্তি পত্র থাকতে হবে;

৯। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১০. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য যে কোন পর্যায়ে অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুয়া/জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা নকল করা বা অসৎ উপায়ে অবলম্বন করলে দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১৩. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রাজবাড়ী জেলার ওয়েবসাইট www.rajbari.gov.bd এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী ও রাজবাড়ী জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১৪. লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.rajbari.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫। অনলাইনে আবেদনপত্র দাখিল করার নিয়মাবলী:

ক) আগ্রহী প্রার্থীগণ dcrajbari.teletalk.com.bd এই ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় <u>২০ সেপ্টেম্বর ২০২২</u> তারিখ সকাল ১০:০০(দশ) টা।

ii. অনলাইনে আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় <u>১৬ অক্টোবর ২০২২</u> বিকেল ০৩:০০ (তিন) টা। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এস এম এস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদন পত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০kb ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ kb হতে হবে।

গ) Online এ পূরণকৃত আবেদনপত্র প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদন পত্র সাবমিট (Submit) করার পূর্বে প্রদত্ত তথ্যের সত্যতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত আবেদনপত্রের এক কপি জমা দিবেন।

ঙ) SMS এর নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় ওয়েবে আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন /পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদনটি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬০/- (ষাট) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন।

১ম SMS: DCRAJBARI <space> User ID লিখে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।
Example: DCRAJBARI ABCDEF

Reply: Applicant's Name, TK 560/- will be charged as application fee, your PIN is xxxxxxxx.

2nd SMS: DCRAJBARI <space> Yes <space> PIN লিখে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।
Example: DCRAJBARI Yes 12345678
Reply: Congratulation Applicant's Name, Payment Completed successfully for DCRAJBARI Recruitment Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxx). বিশেষ ভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dcrajbari.teletalk.com.bd এবং জেলা প্রশাসক রাজবাড়ীর ওয়েবসাইট http://rajbari.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত এস এম এস শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। অনলাইন আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User Id জানা থাকলে:
DCRAJBARI <space> Help <space> User<space>UserID লিখে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।
Example: DCRAJBARI Help User ABCDEF

(ii) PIN NUMBER জানা থাকলে: DCRAJBARI <space> Help <space> PIN<space>PIN NUMBER লিখে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।
Example: DCRAJBARI Help PIN 1234567

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://rajbari.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে এছাড়াও টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: DC Rajbari, Post Name:********* Applicant's USER ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪।৯।২২

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন-০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd

স্মারক নম্বর -৪৬.৩০.৮২০০.০১৮.০২.০০৪.২২.৪৪৬(৯০০) তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯ / ১৪সেপ্টেম্বর ২০২২

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা
৪। জেলা প্রশাসক,..............................(সকল)
৫। পুলিশ সুপার, রাজবাড়ী
৬। সিভিল সার্জন, রাজবাড়ী
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী
৮। অতিরিক্ত জেলা প্রশাসক, ...... ... রাজবাড়ী
৯। মেয়র, রাজবাড়ী সদর/পাংশা/গোয়ালন্দ, রাজবাড়ী
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)..............................রাজবাড়ী জেলা
১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..............................রাজবাড়ী জেলা
১২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক, বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং#৩/এ,৫/এ, ৭/এ, গুলশান-১, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার, মার্কিটিং এন্ড ভাস]
১৩। সহকারী কমিশনার (ভূমি)..............................(সকল), রাজবাড়ী
১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জেলা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।
১৫। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী জেলা (বহুল প্রচারের জন্য)
১৬। বিজ্ঞাপন ম্যানেজার, "দৈনিক সমকাল" ও স্থানীয় "দৈনিক মাতৃকণ্ঠ" নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ০১(এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক বিজ্ঞপ্তির ৫ কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হলো।
১৭। অফিস কপি।

১৪/৯/২০২২

মোঃ মাহাবুর রহমান শেখ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার
রাজবাড়ী